পবিপ্রবির নূতন রেজিস্ট্রার অধ্যাপক মোঃ আব্দুল লতিফ

written by Chandradip News24 | December 20, 2024

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (পবিপ্রবি) নূতন রেজিস্ট্রার হিসেবে নিয়োগ পেয়েছেন কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগের অধ্যাপক মোঃ আব্দুল লতিফ। বৃহস্পতিবার (১৯ ডিসেম্বর) রাতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের অনুমোদনক্রমে এ তথ্য জানিয়ে একটি অফিস আদেশ জারি করা হয়েছে।

অফিস আদেশে উল্লেখ করা হয়, বর্তমান রেজিস্ট্রার (অ.দা.) অধ্যাপক ড. মোঃ মামুন অর রশিদ বরিশাল বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার হিসেবে নিয়োগপ্রাপ্ত হওয়ায় তার পরিবর্তে অধ্যাপক মোঃ আব্দুল লতিফ-কে রেজিস্ট্রারের অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হয়েছে। তিনি বিশ্ববিদ্যালয় আইন, সংবিধি ও বিধান অনুযায়ী সকল দায়িত্ব পালন ও ক্ষমতা প্রয়োগ করবেন। একই সঙ্গে তিনি বিধি মোতাবেক সংশ্লিষ্ট সুবিধা পাবেন।

অধ্যাপক ড. মোঃ মামুন অর রশিদ-কে তার দায়িত্ব পালনের জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয়েছে। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

উল্লেখ্য, নবনিযুক্ত রেজিস্ট্রার অধ্যাপক মোঃ আব্দুল লতিফ বর্তমানে পবিপ্রবির ট্রেজারার হিসেবেও দায়িত্ব পালন করছেন। তার নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কার্যক্রম আরও গতিশীল হবে বলে প্রত্যাশা করা হচ্ছে।

মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম